# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৩

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا حِبَّانُ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ حَدَّثَنَا يَزِيدُ بْنُ إِبْرَاهِيمَ التُّسْتَرِيُّ قَالَ: حَدَّثَنِي ابْنُ أَبِي مُلَيْكَةَ عَنِ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ عَنْ عَائِشَةَ:
أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَلَا قَوْلَ اللَّهِ: {هُوَ الَّذِي أَنْزَلَ عَلَيْكَ الْكِتَابَ مِنْهُ آيَاتٌ مُحْكَمَاتٌ .... } [آل عمران: 7] إِلَى آخِرِهَا فَقَالَ:
(إِذَا رَأَيْتُمُ الَّذِينَ يتَّبعون مَا تَشَابَهَ مِنْهُ فَاعْلَمُوا أَنَّهُمُ الَّذِينَ عَنَى اللَّهُ فَاحْذَرُوهُمْ)
□□ □□□ □

[تعليق الشيخ الألباني]

صحيح: ق.

الحديث: 73 ¦ الجزء: 1 ¦ الصفحة: 196

বাংলা

ذِكْرُ الزَّجْرِ عَنْ تَتَبُّعِ الْمُتَشَابِهِ مِنَ الْقُرْآنِ للمرء المسلم

মুসলিম ব্যক্তির জন্য কুরআনের মুতাশাবিহা (অস্পষ্ট অর্থবিশিষ্ট) আয়াতের পিছনে পড়া নিষিদ্ধ – এ সংক্রান্ত বর্ণনাঃ

৭৩. 'আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম আল্লাহ'র এ বাণী {هُوَ الَّذِي أَنْزَلَ عَلَيْكَ الْكِتَابَ مِنْهُ آيَاتٌ مُحْكَمَاتٌ .... } [آل عمران: 7] " তিনিই তোমার প্রতি এ কিতাব অবতীর্ণ করেছেন যার কতক আয়াত সুস্পষ্ট, দ্ব্যর্থহীন। ... এ আয়াতের শেষ পর্যন্ত- (সূরাহ আলে ইমরান ৩/৭) পাঠ করলেন। অতঃপর তিনি বলেনঃ যারা মুতাশাবিহাত আয়াতের পেছনে ছুটে তাদের যখন তুমি দেখবে তখন মনে করবে যে, তাদের কথাই আল্লাহ তা'আলা (পূর্বের আয়াতে) বুঝিয়েছেন। সুতরাং তাদের পরিত্যাগ করবে।[1]

## ফুটনোট

[1] আলবানী: সহীহ।
আরনাউত্ব: এর সনদ বুখারী মুসলিমের শর্তানুযায়ী সহীহ।
তাখরীজ: তায়ালিসী ১৪৩৩; আহমাদ ৬/২৫৬; বুখারী, ৪৫৪৭; মুসলিম ২৬৬৫; আবূ দাউদ ৪৫৯৮; তিরমিযী, ২৯৯৩;, ২৯৯৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86987

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন